# পুনঃনিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহাদেবপুর উপজেলাধীন নিম্ন তফশিল বর্ণিত ভিপি পুকুর বাংলা ১৪৩২ হতে ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। উক্ত নিলাম ডাক আগামী ২৯/০৫/২৫ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ মহোদয়ের সভাপতিত্বে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মহাদেবপুর, নওগাঁয় অনুষ্ঠিত হবে। ইচ্ছুক ডাককারীকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

| ভিপি কেস নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | শ্রেণী | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০৩/৯৬ (পুকুর) | কন্দর্পপুর | ৯৪ | ১৩৭৬ | পুকুর | ০.৮৫ একর | |

শর্তাবলী ঃ

১। নিলাম ডাকে অংশ গ্রহণের পূর্বে পুকুরটি সরেজমিনে দেখে নিতে হবে।

২। নিলাম ডাকে অংশগ্রহণের জন্য বেলা ১০.০০ টার মধ্যে ৩০,০০০/- টাকা জামানত হিসেবে জমা দিয়ে নাম তালিকাভূক্ত করতে হবে। ১০ টার পর আর তালিকায় নাম লিখান যাবে না।

৩। সর্বোচ্চ ডাককারীকে ডাক শেষ হওয়ার সঙ্গে সঙ্গে সমুদয় অর্থ জমা দিতে হবে। সমুদয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে এবং ২য় ডাককারীর নিকট হতে সমুদয় অর্থ জমা নেয়া হবে ২য় ডাককারী দিতে ব্যর্থ হলে ৩য় ডাককারীর নিকট হতে আদায় করা হবে ৩য় ডাককারী ও দিতে ব্যর্থ হলে ০৩ জনের জামানত বাজেয়াপ্ত করা হবে এবং পুনরায় নিলাম বিজ্ঞপ্তি দেয়া হবে।

৪। ডাকে অংশগ্রহণ গ্রহণের পূর্বে পুকুরটি সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে ইজারা ডাকে অংশগ্রহন করতে হবে এবং উক্ত বিষয়ে নিলাম ডাকের পর কোনরুপ আপত্তি গ্রহনযোগ্য হবে না।

৫। সর্বোচ্চ ডাককারীকে নির্ধারিত মূল্যে বা নির্ধারিত মূল্যের বেশী ডাক মূল্যের উপর ১০% উৎস্যকর ও ১৫% ভ্যাট জমা দিতে হবে।

৬। ইজারাদার কোন অবস্থাতেই পুকুরটি অন্যের নিকট সাব-লীজ বা হস্তান্তর করতে পারবে না।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিলাম ডাক গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। ইজারা মেয়াদ বাংলা ১৪৩২ সনের ইজারা প্রদানের তারিখ হতে ১৪৩৪ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে।

৯। অন্যান্য শর্তাবলী বিধি মোতাবেক কার্যকর হবে।

21.05.25

মোঃ আরিফুজ্জামান
সহকারী কমিশনার (ভূমি)(অঃদা)
মহাদেবপুর, নওগাঁ।
ই-মেইল : aclmohadebpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মহাদেবপুর, নওগাঁ।
acl.mohadevpur.naogaon.gov.bd

স্মারক নং-৩১.৪৩.৬৪৫০.১০২.০১.০০৫.২৫-১০৩৭ তারিখঃ ২১/০৫/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১. জেলা প্রশাসক, নওগাঁ।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
৪. অফিসার ইন-চার্জ, মহাদেবপুর, নওগাঁ।
৫. চেয়ারম্যান, ইউপি (সকল), মহাদেবপুর, নওগাঁ।
৬. উপজেলা তথ্য অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..................................ইউনিয়ন ভূমি অফিস, মহাদেবপুর, নওগাঁ। তাঁকে উপরোল্লিখিত নিলাম বিজ্ঞপ্তিটি ঢোল শহরতসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক ধার্য তারিখের পূর্বে জারীর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।
৮। নোটিশ বোর্ড/অফিস নথি।

21.05.25

মোঃ আরিফুজ্জামান
সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ)
মহাদেবপুর, নওগাঁ।
ই-মেইল : aclmohadebpur@gmail.com